

আশ-শুআ'রা | Ash-Shu'ara | الشُّعْرَاءُ

আয়াতঃ ২৬ : ১৪৮

আরবি মূল আয়াত:

وَّ زُرُوعٍ وَ نَخْلٍ طَلْعُهَا هَضِيمٌ ﴿١٤٨﴾

অনুবাদসমূহ:

‘আর ক্ষেত-খামার ও কোমল শীষবিশিষ্ট খেজুর বাগানে?’ — আল-বায়ান

আর শস্যক্ষেতে ও ফুলে আচ্ছাদিত (ফলে ভারাক্রান্ত) খেজুর বাগানে? — তাইসিরুল

ও শস্যক্ষেতে এবং সুকোমল গুচ্ছ বিশিষ্ট খেজুর বাগানে? — মুজিবুর রহমান

And fields of crops and palm trees with softened fruit? — Sahih International

১৪৮. ও শস্যক্ষেত্রে এবং সুকোমল গুচ্ছ বিশিষ্ট খেজুর বাগানে?

-

তাফসীরে জাকারিয়া

(১৪৮) শস্যক্ষেত্রে এবং খেজুর বাগানে; যার মোছা নরম? [1]

[1] এখানে ঐ সমস্ত নিয়ামতের বিস্তারিত আলোচনা হচ্ছে, যা তারা প্রাপ্ত হয়েছিল। طَلْع খেজুরের মোছাকে বলা হয়, যা প্রথম প্রথম বের হয়। তারপর খেজুরের ফলকে بَلَح তারপর بُسْر তারপর رُطَب তারপর تَمْر বলা হয়। (আইসারুত তাফসীর) বাগানের কথা বললে খেজুরের গাছও ওর মধ্যে এসে যায় কিন্তু যেহেতু আরবদের নিকট খেজুরের এক বিশেষ মর্যাদা রয়েছে বলে তাকে বিশেষভাবে বর্ণনা করা হয়েছে। هَضِيم শব্দের আরো কয়েকটি অর্থ বলা হয়েছে, যেমন নরম, স্পর্শকাতর, থাকথাক ইত্যাদি।

তাফসীরে আহসানুল বায়ান

Source — <https://www.hadithbd.com/quran/link/?id=3080>

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন